http://www.elearninginfo.in

2020/TDC(CBCS)/ODD/SEM/
BNGHCC–301T/362

TDC (CBCS) Odd Semester Exam., 2020
held in March, 2021

# BENGALI

( 3rd Semester )

Course No. : BNGHCC–301T

( বাংলা ভাষাতত্ত্ব )

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

http://www.elearninginfo.in

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

## SECTION—A

১। যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) 'OIA'-র বাংলা পরিভাষা লেখো। এই সময়পর্বে রচিত নিদর্শনের নাম উল্লেখ করো।

(খ) প্রাচীন ভারতীয় আর্যভাষায় কতগুলি কারক ও কত প্রকার ক্রিয়ার কাল প্রচলিত ছিল?

(গ) মধ্য ভারতীয় আর্যভাষার কালগত সীমা উল্লেখ করো। মাগধী প্রাকৃত মধ্য ভারতীয় আর্যভাষার কোন্ স্তরের আঞ্চলিক রূপ?

http://www.elearninginfo.in

(ঘ) নব্য ভারতীয় আর্যভাষার কালগত সীমা উল্লেখ করো এবং এই সময়পর্বের যুগগত নাম কী?

(ঙ) প্রাচীন বাংলা ভাষার স্থিতিকাল কত ছিল? এই সময়পর্বের একটি নিদর্শনের নাম লেখো।

(চ) মধ্য বাংলা ভাষাকে কয়টি উপপর্বে ভাগ করা হয়েছে? উপপর্বগুলির নাম লেখো।

(ছ) অন্ত্য-মধ্য বাংলা ভাষার স্থিতিকাল লেখো। এই পর্বে বাংলা ভাষায় কোন্ কোন্ বিদেশি ভাষার শব্দ ও প্রত্যয় গৃহীত হয়েছিল?

(জ) সাহিত্যে ব্যবহৃত সাধু ও চলিত গদ্যভাষা কোন্ যুগের বাংলা ভাষার প্রধান বৈশিষ্ট্য? এই যুগে সূচনা হওয়া একটি ছন্দের নাম লেখো।

(ঝ) কামরূপী উপভাষার অন্তর্গত অঞ্চলগুলির নাম লেখো।

(ঞ) হয় > অয়—আধুনিক বাংলার কোন্ উপভাষায় 'হ' স্থানে 'অ' উচ্চারিত হয়? একজন বাংলা ভাষাতাত্ত্বিকের নাম লেখো।

(ট) অর্থ পরিবর্তনের কয়টি ধারা ও কী কী?

(ঠ) শব্দার্থতত্ত্ব বলতে কী বোঝ?

(ড) ঐতিহ্যগত ব্যাকরণে বাক্যকে প্রথমে কয়টি অংশে ভাগ করা হয় ও কী কী?

(ঢ) বিশ্বনাথের সূত্রানুসারী ঐতিহ্যগত বাংলা ব্যাকরণে শুদ্ধ ও পূর্ণাঙ্গ বাক্য গঠনের জন্যে যে তিনটি শর্ত নির্ণয় করা হয়েছে সেগুলি লেখো।



( Continued )



(ণ) আদি ও মধ্য স্বরাগমের একটি করে উদাহরণ দাও।

(ত) সমস্ত পদ ও বিগ্রহ বাক্যের একটি করে উদাহরণ দাও।

(থ) বাংলা ভাষাতে শব্দ বিভক্তির সংখ্যা কত ও সেগুলি কী কী?

(দ) নিম্নরেখ পদগুলিতে কোন্ কারকে কোন্ বিভক্তি ব্যবহৃত হয়েছে, লেখো :

(১) পঞ্চশরে দগ্ধ করে করেছ একী সন্ন্যাসী,

(২) সময়ে করে না কাজ, তার মাথায় পড়ে বাজ।

(ধ) সম্প্রদান কারকে কী কী বিভক্তি যোগ হয়?

(ন) কর্মকারক ও অপাদান কারকের একটি করে উদাহরণ দাও।

## SECTION—B

যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

২। মাগধী প্রাকৃতের নিদর্শন কোথায় পাওয়া যায় এবং মাগধী নামের সাথে কোন্ জনের যোগ আছে? মাগধী প্রাকৃতের ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো। ২+৮=১০

৩। নব্য ভারতীয় আর্যভাষার বৈশিষ্ট্যগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

৪। প্রাচীন বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও। ১০

৫। অন্ত্য-মধ্য বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও। ১০

( Turn Over )

http://www.elearninginfo.in



৬। রাঢ়ী অথবা ঝাড়খণ্ডী উপভাষার বৈশিষ্ট্যগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

৭। অর্থ পরিবর্তনের কারণগুলির সংক্ষিপ্ত বিবরণ দাও। ১০

৮। ধ্বনি-লোপ—ধ্বনি পরিবর্তনের এই ধারাটির সংক্ষিপ্ত আলোচনা করো। ১০

৯। সমাসের সংজ্ঞা দাও। সমাস কত প্রকার ও কী কী? উদাহরণসহ বিভিন্ন প্রকার তৎপুরুষ সমাসের আলোচনা করো। ২+৩+৫=১০

১০। বিভক্তি কাকে বলে? কারকে বিভক্তি প্রয়োগের কারণ কী? অধিকরণ কারকে কী কী বিভক্তি যোগ হয় উদাহরণসহ আলোচনা করো। ২+২+৬=১০

১১। শূন্য বিভক্তি বলতে কী বোঝ? সব প্রকারের কারক ব্যবহার করে একটি মাত্র বাক্য রচনা করো। কর্তৃকারকের সংজ্ঞা ও প্রকারভেদ উদাহরণসহ আলোচনা করো। ২+২+৬=১০

* * *